



বাংলাদেশ ব্যাংক
 (সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
 মতিঝিল, ঢাকা-১০০০
 বাংলাদেশ।

ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট



ডিএমডি সার্কুলার নং-০১

০৫ শ্রাবণ, ১৪২৯

তারিখ: -----

২০ জুলাই, ২০২২

প্রধান নির্বাহী কর্মকর্তা
 বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

সঞ্চয়পত্র বিক্রয়কালে এবং বিক্রয় পরবর্তী অন্যান্য সেবা প্রদানকালে অনুসরণীয় নির্দেশনা প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, সঞ্চয়পত্র সংশ্লিষ্ট সেবা লাভের ক্ষেত্রে বিভিন্ন সময়ে গ্রাহকগণ তফসিলি ব্যাংকসমূহ কর্তৃক হয়রানির শিকার হচ্ছেন। সে প্রেক্ষিতে সঞ্চয়পত্র বিক্রয় এবং বিক্রয় পরবর্তী অন্যান্য সেবা প্রদানকালে নিম্নবর্ণিত নির্দেশনাসমূহ অনুসরণের জন্য আপনাদের নির্দেশ প্রদান করা হলো:

- ক. সঞ্চয়পত্র ক্রয়ের নিমিত্ত গ্রাহকের আবেদন ইস্যু অফিস কর্তৃক গ্রহণের পর উক্ত তারিখ হতে পরবর্তী এক কর্মদিবসের মধ্যেই ক্রেতার দাখিলকৃত চেক নিকাশ (Clearing) এর জন্য উপস্থাপন করতে হবে এবং চেক নিকাশ (Clearing) হওয়ার তারিখেই গ্রাহকের অনুকূলে সংশ্লিষ্ট ইস্ট্রুমেন্ট ইস্যু করতে হবে। এছাড়া, গ্রাহক কর্তৃক ডেবিট অথরিটির মাধ্যমে সঞ্চয়পত্র ক্রয়ের জন্য আবেদন করা হলে গ্রাহকের হিসাব বিকলন/ডেবিট করার তারিখেই গ্রাহকের অনুকূলে সংশ্লিষ্ট ইস্ট্রুমেন্ট ইস্যু করতে হবে;
- খ. জাতীয় সঞ্চয় ক্ষিম অনলাইন ম্যানেজমেন্ট সিস্টেমের মাধ্যমে বিক্রিত সঞ্চয়পত্রের মুনাফা/সুদ ও মেয়াদপূর্তিতে আসল/মূল অর্থ প্রদেয় হওয়ার তারিখেই ইন্টিমেশন প্রদান নিশ্চিত করতে হবে;
- গ. গ্রাহকের সঞ্চয়পত্র ক্রয় পরবর্তী যে কোন আবেদন (যেমন: নমিনি পরিবর্তন, হিসাব নম্বর পরিবর্তন, মোবাইল নাম্বার পরিবর্তন, ইএফটি সংক্রান্ত সমস্যা ইত্যাদি) গ্রহণের তারিখ হতে সর্বোচ্চ ৩ (তিনি) কর্মদিবসের মধ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- ঘ. জাতীয় সঞ্চয় অধিদপ্তরের আওতাধীন জেলা সঞ্চয় অফিস/ব্যূরো ও জাতীয় সঞ্চয় বিশেষ ব্যূরোসমূহ এর দায়িত্বপ্রাপ্ত লিংক ব্যাংক, অফিস/ব্যূরোর গ্রাহকগণের চেক যথাসময়ে নিকাশ (Clearing) করে সংশ্লিষ্ট অফিসকে অবহিত করবে;
- ঙ. সঞ্চয়পত্র ক্রয়ের নিমিত্ত নিকাশ (Clearing) এর জন্য উপস্থাপিত চেক যথোপযুক্ত কারণ ব্যতীত ফেরৎ প্রদান করা যাবে না;
- চ. গ্রাহকের অনুকূলে ইলেকট্রনিক ফান্ড ট্রান্সফার (ইএফটি) ইস্ট্রাকশন এর মাধ্যমে প্রেরিত সঞ্চয়পত্রের মুনাফা/সুদ ও আসল/মূল ফেরত প্রদান করা যাবে না;



বাংলাদেশ ব্যাংক
 (সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
 মতিঝিল, ঢাকা-১০০০
 বাংলাদেশ।

ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

পূর্ব পৃষ্ঠা হতে

-০২-

- ছ. বাংলাদেশ অটোমেটেড ক্লিয়ারিং হাউস (BACH) এর মাধ্যমে সম্পাদিত লেনদেনের উপর চার্জ আদায় সংক্রান্ত ইস্যুতে
 বাংলাদেশ ব্যাংকের ২৮ ফেব্রুয়ারি ২০১৩ তারিখে জারীকৃত পিএসডি সার্কুলার নং- ১/২০১৩ এর ৪ নং নির্দেশনা এবং
 এতদ্বিষয়ে বাংলাদেশ ব্যাংক কর্তৃক সময়ে সময়ে জারীকৃত নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- জ. সম্পয়পত্র বিক্রয়কালে ইস্যুকারী ব্যাংক বা শাখা কর্তৃক উক্ত ব্যাংকে বা শাখায় গ্রাহককে হিসাব খোলার জন্য বাধ্য করা
 যাবে না এবং
- ঝ. নিরাপত্তার স্বার্থে এক জনের বা ব্যাংকের এক শাখার ইউজার আইডি অন্য ব্যক্তি বা অন্য শাখা কর্তৃক ব্যবহার করা যাবে
 না।

০২। ব্যাংক-কোম্পানি আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে জনস্বার্থে এ নির্দেশনা জারী করা হলো।

আপনাদের বিশ্বস্ত

(খোন্দকার সিদ্দীকুর রহমান)
 পরিচালক (ডিএমডি)
 ফোনঃ ৯৫৩০১৩১